গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

**রাজবাড়ী সদর উপজেলার মার্চ/ ২০২৩ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২০/০৩/২০২৩ খ্রিঃ।

সময় সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমান এবং শহীদ যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানা সকলের প্রতি স্বশ্রদ্ধ সালাম জানান। তিনি বলেন মার্চ মাস বাঙ্গালী জাতির জন্য গৌরবের মাস। এ মাসে রাষ্ট্রীয়ভাবে অনেকগুলো অনুষ্ঠান রয়েছে কোন দিবসে কিভাবে পতাকা উত্তোলন করা হয় রাষ্ট্রীয় নির্দেশনা অনুসরন করে সঠিক নিয়মে পতাকা উত্তোলন করার বিষয়ে সকলকে অনুরোধ জানান। ইউনিয়ন পর্যায়ে কাটা, ছেড়া, রংচটা পতাকা যাতে উত্তোলন করা না হয় সে বিষয়ে সচেতন করতে ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢীকরণ করা হয়। অতঃপর জানুয়ারি/২০২৩ ও ফেব্রুয়ারি/২০২৩ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : জানুয়ারি/২০২৩ ও ফেব্রুয়ারি/২০২৩ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ রাহাজানী | চুরি | বিশেষ ক্ষমতা | অস্ত্র উদ্ধার | জুয়া আইনে মামলা | নারী ও শিশু নির্যাতন | প্রতারণা / মানবপাচার মামলা | মাদক মামলা | বিস্ফোরক মামলা | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ফেব্রুয়ারি/২৩ | - | - | - | ০৬ | - | - | ০১ | ০৯ | - | ১৯ | - | ০২ | ১৯ | ৫৩ | |
| জানুয়ারি/২৩ | - | - | - | ০৪ | - | - | ০২ | ০৪ | - | ২২ | - | ০১ | ২১ | ৫৪ | |
| | - | - | - | বৃদ্ধি | - | - | হ্রাস | - | - | হ্রাস | - | - | হ্রাস | হ্রাস | |

তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারি/২০২৩ মাসে চুরি-০৪টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৪টি, মাদক মামলা-২২টি ও অন্যান্য সহ সর্বমোট ৫৫টি এবং ফেব্রুয়ারি/২০২৩ মাসে চুরি-০৬টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৯টি, মাদক মামলা -১৯টি, ও অন্যান্য-১৯টি সহ সর্বমোট ৫৩টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা জানুয়ারি/২০২৩ ও ফেব্রুয়ারি/২০২৩ মাসে প্রায় সমান।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপরতা অব্যাহত রাখার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নে** : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **মাদক বিরোধী অভিযান, রাজবাড়ী** : সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে,রাজবাড়ী সদর উপজেলায় ফেব্রুয়ারি/২০২৩ মাসে ০২টি অভিযান পরিচালনা করা হয়। মামলা সংখ্যা-০৪, আসামী ০৮ জন, উদ্ধারকৃত মাদক গাজা ৩০০ গ্রাম। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযান অব্যাহত রয়েছে। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে হট লাইন চালু হয়েছে, হট লাইন নম্বর ০১৯৮০৮৮৮৮৮৮, ০১৪০৪০৭৩১৭৬। মাদকের বিষয়ে হট লাইনে তথ্য প্রদান করলে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | জনাব নূর মোহাম্মদ ভুঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, আমার এলাকায় তিনটি ব্রীজ ভাঙ্গা অবস্থায় আছে। কয়েক মাস আগে ভেঙ্গে নতুন ভাবে তৈরী হচ্ছে বৃষ্টি হওয়ায় এলাকাবাসী অনেক দুর্ভোগ পোহাচ্ছে। দ্রুত কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার অনুরোধ জানান। | ব্রীজ এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.২ | জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান,খানখানাপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, চাষের জমিগুলো কেটে মাটি নিয়ে যাচ্ছে। এতে ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে। এ বিষয়ে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মাটি কাঁটা বন্ধ করতে প্রশাসন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান বাড়াতে হবে। | সহকারী কমিশনার (ভুমি) ও অফিসার ইনর্চাজ,রাজবাড়ী থানা। |
| ৬.৩ | জনাব মোঃ আব্দুল রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ সভায় বলেন, এলাকায় বাগমারা রাস্তার পাশে ৩-৪টি ভেকু দিয়ে মাটি কাটছে, এতে রাস্তার অবস্থা খুব খারাপ হয়েছে। এ বিষয়ে ব্যবস্থা নেয়া প্রয়োজন। | মাটি কাঁটা বন্ধ করতে প্রশাসন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান বাড়াতে হবে। | সহকারী কমিশনার (ভুমি) ও অফিসার ইনর্চাজ,রাজবাড়ী থানা। |
| ৬.৪ | জনাব মোঃ দোলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে,আমার ইউনিয়নে অনেক বড় প্রকল্প নিয়ে মাটি কাটছে। ফলে এলাকার রাস্তার বেহাল অবস্থা। তিনি আরো জানান গত সপ্তাহে আমার এলাকায় ০২ (দুই) টা গরু চুরি হয়েছে , এসকল বিষয়ে ব্যবস্থা নেয়া প্রয়োজন। | মাটি কাঁটা বন্ধ করতে প্রশাসন এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান বাড়াতে হবে। | সহকারী কমিশনার (ভুমি) ও অফিসার ইনর্চাজ,রাজবাড়ী থানা। |
| ৬.৫ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আঃ জলিল মিয়া, সভায় জানান যে রাজবাড়ী কোমলমতি ছেলে ও মেয়েরা ঢাকায় ফুটবল খেলতে গিয়েছে। স্বাধীনতার মাসে ফুটবল খেলায় বিজয় ছিনিয়ে আনুক এই প্রত্যাশা রাজবাড়ী বাসীর। তিনি বলেন মাটি কাটা এবং বালু/মাটি পরিবহন বিষয়ে ব্যাপক প্রচার প্রয়োজন। এ বিষয়ে তথ্য অফিসের মাধ্যমে প্রচার ফলপ্রসূ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | মাটি ব্যবস্থাপনায় প্রশাসনের নজরদারি বাড়াতে হবে। | উপজেলা প্রশাসন রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.৬ | বীর মুক্তিযোদ্ধা এস এম নওয়াব আলী, স্বাধীনতা দিবস সুন্দর ও সুষ্ঠভাবে পালন করতে হবে। তিনি এ উপজেলার আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | - | - |

০৭. জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় জানান যে, মার্চ মাস বাঙ্গালী জাতির ইতিহাসে একটি গৌরব উজ্জল মাস। ২৫শে মার্চ কালরাত্রির প্রোগ্রাম রাষ্ট্রীয়ভাবে উদযাপন করা হবে। কিছু বিচ্ছিন্ন ঘটনা ছাড়া আইনশৃংখলা পরিস্থিতি ভালো আছে। রমজান উপলক্ষ্যে কিছু অসাধু ব্যবসায়ী দ্রব্যমূল্যের দাম অস্বাভাবিক বৃদ্ধি করে। বাজারে কোন ব্যবসায়ী যেন দ্রব্য মজুদ করে কৃত্রিম সংকট তৈরী করতে না পারে সে বিষয়ে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান।

০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, আইন-শৃংখলা পরিস্থিতি ভালো আছে। খানখানাপুর দাদশী, বানীবহ ইউনিয়নে ইট ভাটার জন্য পরিবহন কৃত মাটি রাস্তায় পরে বেহাল অবস্থা হয়েছে। চরনারায়নপুরে সম্প্রতি আইনশৃঙ্গালা পরিস্থিতি অবনতি সংশ্লিষ্ট বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইন চার্জ, রাজবাড়ী কে অনুরোধ জানান।

০৯. জনাব নূরজাহান আক্তার সাথী, সহকারী কমিশনার(ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, জনস্বার্থে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। বিভিন্ন স্থানে অবৈধভাবে মাটি কাটা বন্ধ করা হয়েছে।

১০. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা সভার শুরুতে জাতীয় শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধা ও হাজার বছেরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা জানিয়ে বক্তব্য প্রদান করেন। রাজবাড়ী সদর উপজেলার কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্তরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে বিচ্ছিন্ন ঘটনা ব্যতীত আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। মাদক সেবক ও বিক্রয়কারীদের তথ্য পাওয়া মাত্র অভিযান অব্যাহত আছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে সম্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। মটর সাইকেলের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। কিছুদিন আগে চন্দনী ও মিজানপুর ইউনিয়নে নদীকেন্দ্রিক সমস্যা হয়েছেল সেটা বর্তমানে স্বাভাবিক আছে। রাজবাড়ীর মানুষ শান্তিপ্রিয় এবং আইনের প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল। আইন-শৃংখলা পরিস্থিতি ঠিক রাখার জন্য পুলিশ বিভাগ সবসময় তৎপর। তিনি বলেন রমজান শুরু হওয়ার কয়েকদিনের মধ্যেই স্কুল কলেজ ছুটি হয়ে যাবে। ছুটি কালীন সময়ে বিদ্যালয়ে যাতে চুরি না হয় সে জন্য বিদ্যালয়ের মূল্যবান জিনিসপত্র (কম্পিউটার, ল্যাপটপ)ও অন্যান্য ডিভাইস প্রধান শিক্ষক নিজ হেফাজতে রাখলে ভাল হয়। নৈশ প্রহরী যেন স্কুলে যথাযথ দায়িত্ব পালন করে সে বিষয়ে একটি বার্তা সকল শিক্ষা প্রতিষ্ঠানে পোছানোর অনুরোধ জানান। ঈদ সামনে রেখে কিছু ক্রাইম বাড়ার সম্ভাবনা থাকে বিধায় এলাকায় কাউকে সন্দেহ হলে থানায় জানানোর অনুরোধ জানান।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি সভায় এ উপজেলার আইন-শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন বালু মাটিবাহী ট্রাক থেকে রাস্তায় মাটি পরে বৃষ্টিতে ভিজে পিচ্ছিল হয়ে দুর্ঘটনা ঘটছে। মাটির ট্রাকের উপর ত্রিপল/পলিথিন এর ঢাকনা দিয়ে ঢেকে মাটি ও বালু পরিবহন করতে হবে। মাটি কাটা বন্ধ, ইভটিজিং, জাটকা নিধন ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিবাদ, প্রতিরোধ ও সামাজিক সচেতনতা ও দায়বদ্ধতা বাড়াতে হবে। এলাকার সার্বিক উন্নয়নে কর্মকর্তাদের সার্বিক বিষয়ে সহযোগিতার ধারা অব্যাহত রাখতে হবে। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

**বিবিধ সিদ্ধান্ত :**

১) পবিত্র রমজান উপলক্ষে ভোক্ত অধিকার আইনে বিভিন্ন বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।
২) রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে
৩) প্রাথমিক বিদ্যালয়ের নৈশ প্রহরী/গার্ড গনকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার বিষয়ে সকল প্রাথমিক বিদ্যালয়ে বার্তা পৌছাতে হবে।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৩/২৩
( মার্জিয়া সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২৩-২৫৯ (৪০) তারিখঃ ২০/০৩/২০২৩ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০৪। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৫-৩৫। ................................................................ উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী ।

২০/০৩/২৩
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।